

# বাংলাদেশ পোশাক প্রস্তুত কারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী-৭/৭এ, ব্লক-এইচ ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।

বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২৪/১৫৪

তারিখ : ৩০ আগস্ট, ২০২৪

## সম্মানিত সদস্যদের জন্য

বিজিএমইএ এর সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের বর্তমান পরিস্থিতিতে রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পের আইনশৃঙ্খলা বজায় রাখার স্বার্থে বিজিএমইএ ম্যানেজমেন্ট এর সাথে সরকারের আলোচনা মোতাবেক প্রতিটি কারখানায় ২৫ জন (কারখানার আকার অনুযায়ী বাড়ানো যেতে পারে) করে কমিউনিটি পুলিশ গঠন করতে হবে। যারা সার্বক্ষণিকভাবে কারখানার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত থাকবেন, প্রয়োজনে বাংলাদেশ সেনাবাহিনী, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ এবং আইনশৃঙ্খলা বাহিনীর সাথে সমন্বয় করে কাজ করবেন। কমিউনিটি পুলিশ এর দায়িত্বে নিয়োজিত জনবলকে নিম্নে উল্লেখিত নমুনা অনুযায়ী ইউনিফর্ম পরিধান করতে হবে এবং কমিউনিটি পুলিশ কারখানার স্বাভাবিক নিরাপত্তায় নিয়োজিত সিকিউরিটি থেকে সম্পূর্ণ আলাদা হবে। উল্লেখ্য যে, উক্ত কমিউনিটি পুলিশ শনিবার (৩১/০৮/২০২৪) সকাল থেকে কারখানার গেইটে ইউনিফর্ম পরিধান করে কর্তব্য পালন করবেন। ডিউটিরত অবস্থায় তাদের ছবি তুলে বিজিএমইএ এর গ্রুপে পোস্ট করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। এই ব্যাপারে প্রয়োজনে জনাব মুনসুর খালেদ, সিনিয়র অতিরিক্ত সচিব (সিএমসি), মোবাঃ ০১৭১৩০৬২৭২৮ এবং জনাব মোঃ আবুল হেসেন, যুগ্ম-সচিব (সিএমসি), বিজিএমইএ, মোবাঃ ০১৯১৩৫২৯৯৩০ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব, বিজিএমইএ

কমিউনিটি পুলিশ এর ইউনিফর্ম এর নমুনা নিম্নরূপঃ



সামনের অংশ



পিছনের অংশ

বিঃ দ্রঃ কারখানা কর্তৃপক্ষ নিজস্ব উদ্যোগে উক্ত নমুনা অনুযায়ী ইউনিফর্ম তৈরী করতে পারবেন অথবা গুলিস্তানের গোলাপশাহ মাজারের উল্টো দিকের মার্কেটসমূহে পাওয়া যাবে।